‘পর পর দুটো বিশ্বকাপের ফাইনালে ওঠা সহজ নয়’

বিশ্বকাপ নাকি সাজানো, জবাব দিলেন মেসি

আটলান্টা, ১৬ জুলাই : ফুটবল বিশ্বকাপ কি পুরোটাই সাজানো? ফিফা কি আগে থেকেই ঠিক করে নিয়েছে লিওনেল মেসির হাতে ট্রফি তুলে দেবে? প্রতি ম্যাচে রেফারি টেনে খেলাচ্ছে আর্জেন্টিনাকে! ভার-এর সাহায্য পাচ্ছেন মেসিরা! অভিযোগের তালিকা লম্বা। বিশ্বকাপ যত এগিয়েছে, অভিযোগ তত বেড়েছে। ইংল্যান্ডকে হারিয়ে বিশ্বকাপের ফাইনালে উঠে নিন্দকদের জবাব দিলেন মেসি। মেসি সাফ জানিয়ে দিয়েছেন, ২০২২ সালের বিশ্বকাপ থেকে চলতি বিশ্বকাপ পর্যন্ত তারাই বিশ্বের সেরা দল। এটা প্রমাণিত।

মেসি বলেন, এই কথাগুলো খুব কষ্ট দেয়। গত চার বছর ধরে আমরাই বিশ্বের সেরা দল। সেটা কারও পছন্দ হোক বা না হোক। পর পর দুটো বিশ্বকাপে দেখালাম, আমরা কাকতালীয় ভাবে জিতিনি। কেউ

আমাদের সুবিধা দেয়নি। পর পর দুটো বিশ্বকাপের ফাইনালে ওঠা সহজ নয়। এই দলটা সেটা করে দেখিয়েছে। চলতি বিশ্বকাপে বার বার কঠিন পরিস্থিতি থেকে জিতেছে আর্জেন্টিনা। তার পরেও সমালোচনা থামেনি।

মেসির মতে, ইংল্যান্ডের কাছে হেরে গেলে পরিস্থিতি অন্য রকম হয়ে যেত। কিন্তু তারা তা হতে দেননি। আর্জেন্টিনার অধিনায়ক বলেন, যদি আমরা ইংল্যান্ডের কাছে হেরে যেতাম, তা হলে অনেকে অর্বাচীনের মতো কথা বলত। ওদের সেই সুযোগটাই দিইনি। আমরা জানি আমরা কতটা ভাল খেলি। তাই কে কী বলল, তাতে কিছু যায়-আসে না। কিন্তু আমার মনে হয় কিছু বলার আগে ভাবা উচিত। এমন কিছু বলা উচিত নয়, যাতে পরে আফসোস করতে হয়। ইংল্যান্ডের বিরুদ্ধে জয় দিয়েগো মারাদোনাকে উৎসর্গ করেছেন মেসি। খেলা শেষে তিনি বলেন, আমি নিশ্চিত, দিয়েগো উপরে বসে হাসছেন। এই দিনটা ওর কাছেও বিশেষ দিন হয়ে রইল। ওকে এই আনন্দ দিতে পেরে আমরা খুশি। এই জয় ওকে উপহার দিলাম। বিশ্বকাপের মঞ্চে আর্জেন্টিনা-ইংল্যান্ড ম্যাচ মানেই তার গুরুত্ব আলাদা। দু’দেশের সম্পর্কের কারণেই এই লড়াইয়ের সুরপ্রাণ। আর তাই এই লড়াইয়ে জেতার আনন্দও আলাদা। খেলা শেষে মেসি বলেন, এটা বিশ্বকাপের আরও একটা ম্যাচ হলেও বাকি ম্যাচের থেকে আলাদা। সমর্থকেরা এই জয়টা চেয়েছিল। কারণ, ইংল্যান্ডকে হারিয়ে বিশ্বকাপের ফাইনালে ওঠার মতো আনন্দ আর কিছুতে নেই। সেটা আমরা সমর্থকদের দিতে পেরেছি। মেসি-সহ পুরো আর্জেন্টিনা দল এই প্রথম বিশ্বকাপে ইংল্যান্ডের বিরুদ্ধে খেলল। কিন্তু ১৯৬৬, ১৯৮৬ সালের বিশ্বকাপের লড়াইয়ের কথা তাদের জানা। ফকল্যান্ড যুদ্ধ তাদের স্মৃতিতে। তাই পিছিয়ে পড়ার পর যে লড়াইটা আর্জেন্টিনা করেছে তা ফুটবল ইতিহাসে অমর হয়ে থাকবে।

মেসি জানিয়েছেন, এই ম্যাচে হারার উপায় ছিল না। তাদের জিততেই হত। সেটাই করেছেন তারা। মেসি বলেন, আর্জেন্টিনার কেউ এই ম্যাচটা হারতে চায়নি। এই হার হজম করতে পারতাম না। সেটা সকলেই জানে। তাই হয়তো আনন্দ কিছুটা বেশিই হচ্ছে। আমি জানি, গোটা আর্জেন্টিনা এখন আনন্দে লাফাচ্ছে।

বিশ্বকাপের এক হৃদয়বিদারক মুহূর্তের মুখোমুখি ইংলিশ কিংবদন্তি

লন্ডন, ১৬ জুলাই : বিশ্বকাপের সেমিফাইনালে আর্জেন্টিনার কাছে হেরে ফাইনালের স্বপ্ন ভঙ্গ ইংল্যান্ডের। ইংলিশদের এমন বিদায়ে ফুটবল বিশ্বের সবচেয়ে আলোচিত একটি আবেগঘন চিত্রের অবতরণ হয়েছে। আমেরিকান ফুটবল ক্লাব ইন্টার মায়ামির সহ-মালিক ডেভিড বেকহ্যামের জন্য এই মুহূর্তটি ছিল চরম এক মনস্তাত্ত্বিক ও দ্বন্দ্বের। কারণ এক দিকে দেশ, অন্যদিকে নিজের ক্লাবের আর্জেন্টাইন মহাতারকা মেসির দলের কাছে হার। তাতেও দেশের পক্ষেই গেছে তাঁর সমর্থন। হারে বিষণ্ণ দেখা দেখে এই ইংলিশ তারকাকে। ইংল্যান্ডের বিদায়ের পর ডেভিড বেকহ্যাম তাঁর সোশ্যাল প্ল্যাটফর্মে মনের কষ্ট ও খেলোয়াড়দের প্রতি গর্ব প্রকাশ করে লেখেন, ‘আমাদের সবার জন্যই এটি অত্যন্ত হৃদয়বিদারক একটি মুহূর্ত, তবে এই স্মৃতিগুলো আমাদের সব সময় অনুপ্রাণিত করবে এবং চিরকাল বেঁচে থাকবে।’ বিশ্বকাপের সেমিফাইনালে মুখোমুখি হয়েছিল বেকহ্যামের প্রিয় জন্মভূমি ইংল্যান্ড এবং তাঁর ক্লাবের সবচেয়ে বড় তারকা লিওনেল মেসির আর্জেন্টিনা। ম্যাচটিতে ইংল্যান্ড ১-০ ব্যবধানে এগিয়ে গিয়েও শেষ পর্যন্ত আর্জেন্টিনার কাছে ২-১ ব্যবধানে হেরে বিশ্বকাপ থেকে বিদায় নেয়। ম্যাচটিতে মেসি নিজে কোনও গোল না করলেও আর্জেন্টিনার করা দু’টি গোলেই তিনি দু’টি অসাধারণ অ্যাসিস্ট করেন। তাঁর এই জাদুকরী পারফরম্যান্সের কারণেই ইংল্যান্ডের সোনালি প্রজন্মের বিশ্বকাপ জয়ের স্বপ্ন ভেঙে চুরমার হয়ে যায়। গ্যালারিতে বসে থাকা সাবেক ইংলিশ অধিনায়ক বেকহ্যামকে একদিকে তাঁর দেশের বিদায়ে স্তব্ধ হয়ে যেতে দেখা যায়, অন্যদিকে তাঁর নিজের রিক্রুট করা খেলোয়াড়ের শ্রেষ্ঠত্বও মেনে নিতে হয়।

মেসিকে ২০২৩ সালে বেকহ্যাম বহু কাঠখড় পুড়িয়ে, বিশ্বকে চমকে দিয়ে ইন্টার মায়ামিতে নিয়ে এসেছিলেন। সেই মেসিই আন্তর্জাতিক মঞ্চে বেকহ্যামের দেশের সবচেয়ে বড় শত্রু হয়ে দাঁড়ালেন। বেকহ্যাম মায়ামির দায়িত্ব নেওয়ার পর থেকে ক্লাবটির ব্র্যান্ড ভ্যালু ১.২ বিলিয়ন ডলারে নিয়ে গেছেন মূলত মেসির ওপর ভর করেই।

‘ফুটবলের লজ্জা’, নিশ্চিত লাল কার্ড দেখলেন না আর্জেন্টিনা তারকা!

আটলান্টা, ১৬ জুলাই : বিশ্বকাপে টানা সাত ম্যাচে জয়। ফাইনালে উঠে গিয়েছে আর্জেন্টিনা। কিন্তু বিতর্ক পিছু ছাড়ছে না লিওনেল মেসিদের। বুধবার ইংল্যান্ডের বিরুদ্ধে সেমিফাইনাল খেলতে নেমেছিল আর্জেন্টিনা। সেখানেই এনজো ফার্নান্ডেজের একটি ট্যাকল ঘিরে প্রশ্ন উঠছে। ফুটবলমহলের প্রশ্ন, কেন লাল কার্ড দেখানো হল না এনজোকে? সোশ্যাল মিডিয়াতেও রেফারি নিয়ে ক্ষোভ উগরে দিয়েছেন ফুটবলপ্রেমীরা। বুধবার ম্যাচের শুরু থেকেই আগ্রাসী মেজাজে ছিল দুই দল। প্রথম ১০ মিনিটের মধ্যেই অন্তত আটটি ফাউল হয়। এহেন পরিস্থিতিতেই এনজোর ট্যাকল ইংরেজ তারকা এলিয়ট অ্যান্ডারসনের বিরুদ্ধে। ম্যাচের বয়স তিন মিনিট, এলিয়ট তখন বল পায়ে এগোচ্ছেন। সেসময়ে পিছন থেকে ছুটে এসে ইংরেজ ফুটবলারের উরুতে সজোরে লাথি মারেন এনজো। মাথাতেও হাত দিয়ে আঘাত করেন। চোখের সামনে এমন ঘটনা দেখে প্রতিবাদ করেন জুড বেলিংহ্যামরা। রেফারি ছুটে এসে এনজোকে শান্ত হতে নির্দেশ দেন। কিন্তু এহেন ‘অপরাধে’র পরেও এনজোকে কার্ড দেখাননি রেফারি। ফুটবলমহল বলছে, লাল কার্ড দেখানো উচিত ছিল এনজোকে। শেষ পর্যন্ত তাঁর গোলেই ম্যাচে ফেরে নীল-সাদা ব্রিগেড। ইংল্যান্ডকে ২-১ গোলে হারিয়ে ফাইনালে উঠে যায় আর্জেন্টিনা। কিন্তু নেটিজেনরা বলছেন, রেফারি পক্ষপাতিত্ব করছেন। মাথায় মারার পরেও কার্ড দেখানো হচ্ছে না, সেটা ফুটবলের বিরাট লজ্জা। উল্লেখ্য, সেমিফাইনালের শুরু থেকেই রেফারিকে নিয়ে বিতর্ক ছিল। ব্রিটিশ সংবাদমাধ্যমের দাবি, ইসমাইল এলফার্থা আসলে লিওনেল মেসির প্রিয় রেফারি। তাঁর অধীনে খেললে ম্যাচ হারেন না মেসি। সেই ‘সুনাম’ বজায় রাখতেই কি এনজোকে কার্ড দেখাননি এলফার্থা? উঠছে প্রশ্ন। এছাড়াও প্রিকোয়ার্টার ফাইনালে মিশরের বিরুদ্ধে আর্জেন্টিনার ম্যাচেও রেফারির ভূমিকা নিয়ে প্রবল বিতর্ক হয়েছে। বিশ্বকাপ একেবারে শেষলগ্নে পৌঁছে গেলেও আর্জেন্টিনার ‘কমিটির টিম’ তকমা এখনও মোছা গেল না।

‘আর্জেন্টিনার চতুর্থ নয়, দ্বিতীয় শিরোপা জিতবে স্পেন’

মাদ্রিদ, ১৬ জুলাই : একের পর এক কামব্যাকের গল্প লিখে বিশ্বকাপে ছুটছে আর্জেন্টিনা। এবার তুলির শেষ ছাঁচড় দেওয়ার পালা। তাদের প্রত্যাবর্তন দেখে তাই অনেকেই মনে করছেন চতুর্থ বিশ্বকাপটা আলবিসেলেস্তাদের নামেই খোদাই হতে যাচ্ছে। এজন্য আগামী ১৯ জুলাই প্রতিপক্ষ স্পেনকে হারাতে হবে আর্জেন্টিনাকে। তবে নিউ ইয়র্ক/নিউ জার্সিতে আর্জেন্টিনা নয় স্পেন বিজয়োল্লাস করবে বলে মনে করছেন ইকার ক্যাসিয়াস। স্পেন কিংবদন্তির মতে, আর্জেন্টিনার চতুর্থ নয়, স্পেনের দ্বিতীয় শিরোপা হতে যাচ্ছে। ফাইনালের লড়াইয়ের আগে এভাবেই মাঠ গরম করে রাখলেন ক্যাসিয়াস। সামাজিক মাধ্যমে কয়েকটি পোস্ট দিয়ে স্পেনের সাবেক গোলরক্ষক লিখেছেন, ‘আর্জেন্টিনা, তোমাদের চতুর্থ তারকা (শিরোপা) পাওয়া হচ্ছে না! আমরা দ্বিতীয় শিরোপার দিকে এগোচ্ছি!! এগিয়ে চলো স্পেন!’ শুধু বিশ্বকাপ নয়, ফিনালিসিমাও স্পেন জিতবে বলে ক্যাসিয়াসের বিশ্বাস। তাই ফিফাকে দু’টি শিরোপাই প্রস্তুত রাখতে বলা রিয়াল মাদ্রিদের সাবেক গোলরক্ষক লিখেছেন, ‘এই রোববার ফিনালিসিমা এবং বিশ্বকাপ, দুটোই আমাদের! দুটো ট্রফিই প্রস্তুত রাখো ফিফা!’ ৮৪ মিনিট পর্যন্ত দ্বিতীয় সেমিফাইনালে এগিয়ে থাকা ইংল্যান্ড শেষে ২-১ গোলে হারায় কোচ টমাস টুখেলের সমালোচনাও করেছেন ক্যাসিয়াস। তিনি লিখেছেন, ‘নিজেদের ভুল কৌশলের কারণেই ম্যাচ হেরেছে ইংল্যান্ড। ওরা শেষ ৩০ মিনিট আর্জেন্টিনাকে যা খুশি তাই করার সুযোগ দিয়েছে। এটা হতে পারে না।

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক punjab national bank

এসেট রিকোভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ (এআরএমবি) শিলচর (৮৩১৫০০)
মণ্ডল কার্যালয়, সেন্ট্রাল রোড, শিলচর-৭৮৮০০১ (আসাম), email: cs8315@pnb.bank.in

Ref No. ARMB/Silchar/E-Auction/sale-notice/26-2027 Date: 16/07/2026

স্থাবর/অস্থাবর সম্পত্তি ই-নিলাম বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর রুল ৮ (৬) এবং রুল ৯ (১)-য়ে পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) অ্যাক্ট, ২০০২-এর অধীনে ব্যাঙ্কে বন্ধক হিসেবে রাখা স্থাবর সম্পত্তি নিলাম বিজ্ঞপ্তি।

এমর্মে অবগত করা হচ্ছে যে, বন্ধকদাতা(গণ) এবং জামিনদার(গণ)-কে এতদ্বারা জানানো যাচ্ছে যে, সংশ্লিষ্ট ঋণগ্রহীতা ও জামিনদারের নিকট ব্যাঙ্ক/সুরক্ষিত পাওনাদারের পাওনা আদায়ের লক্ষ্যে, ব্যাঙ্ক/সুরক্ষিত পাওনাদারের অনুমোদিত কর্মকর্তা কর্তৃক দখলকৃত (গঠনমূলক/বাস্তব/প্রতীকী) এবং উক্ত পাওনাদারের অনুকূলে বন্ধক/চার্জকৃত নিম্নবর্ণিত স্থাবর/অস্থাবর সম্পত্তি/সম্পদসমূহ, নিচে প্রদত্ত সারণিতে উল্লিখিত তারিখে, **‘যে অবস্থায় আছে সেই অবস্থায় এবং যেভাবে আছে সেভাবে’** বিক্রয় করা হবে। সংশ্লিষ্ট সম্পত্তির বিপরীতে সংরক্ষিত মূল্য এবং জামানতের অর্থ নিচে প্রদত্ত সরণিতে উল্লেখ করা হয়েছে।

সংরক্ষিত সম্পত্তির সূচি

ক্রম নং	ক) ব্রাঞ্চের নাম খ) অ্যাকাউন্টের নাম গ) ঋণগ্রহীতা/জামিনদারের অ্যাকাউন্টের নাম এবং ঠিকানা	জামানতে থাকা স্থাবর সম্পত্তির বিবরণ/ স্বত্বাধিকারীর নাম (সম্পত্তির জামিনদার)	(ক) সার্সেফি অ্যাক্ট, ২০০২-র ইউ/এস ১৩(২) মতে ডিমান্ড নোটিশের তারিখ (খ) বকেয়া পরিমাণ (গ) সার্সেফি অ্যাক্ট, ২০০২-র ইউ/এস ১৩(৪) মতে দখল নেওয়ার (ঘ) দখল নেওয়ার ধরন প্রতীকী/শারীরিক	ক) সংরক্ষিত মূল্য (লক্ষ) (খ) ইএমডি (ইএমডি জমার শেষ তারিখ) (গ) বিড বৃদ্ধি পরিমাণ	ই-নিলামের তারিখ এবং সময়	সম্পত্তি জমা করানোর জন্য জমাকরার বিবরণ
১	**করিমগঞ্জ (০০৩৬২০)** **আয়াতুর রহমান** **আয়াতুর রহমান** পিতা-মৃত ফয়জুর রহমান, গ্রাম-বাখরশাল, পোঃঅঃ জবাইনপুর, জেলা-করিমগঞ্জ, আসাম-৭৮৮৭১৩। **মোঃ মাতাবুর রহমান (জামিনদার)** পিতা-মৃত ফয়জুর রহমান, গ্রাম-বাখরশাল, পোঃঅঃ জবাইনপুর, জেলা-করিমগঞ্জ, আসাম-৭৮৮৭১৩।	**সংশ্লিষ্ট জমিতে থাকা সব ধরনের সম্পত্তি সহ জমি** যার পরিমাপ ০৭ কাঠা, ০৯ ছটাক যার দাগ নং-২৫৪ (নতুন), ২য় আরএস পাট্টা নং-১৫৭, ব্লক নং-৮, যার মৌজা-বাখরশাল ২য় খণ্ড, পরগনা ইগারোসাথি, জেলা করিমগঞ্জ, আসাম, পিন-৭৮৮৭১৩, এই অবস্থানে মোঃ মাতাবুর রহমান, মোঃ হিফজুর রহমান এবং মোঃ আয়াতুর রহমান এর নামে রয়েছে। **চতুঃসীমা-উত্তর :** আব্দুস সুবহান এর জমি, **দক্ষিণ :** লুৎফুর রহমান এর বসতবাড়ি, **পূর্ব :** আজিজুর রহমান এর বসতবাড়ি, **পশ্চিম :** মইনুল হক এর বসতবাড়ি।	(ক) ০৩-০৫-২০২৪ (খ) ৩১,৩০,৩০৭.৮১ টাকা + তার সঙ্গে প্রযোজ্য সুদ ০১-০৫-২০২৪ ইং হইতে ও অন্যান্য ব্যয় সংবলিত (গ) ১১-০৯-২০২৪ (ঘ) প্রতীকী দখল	(ক) ৬৩.১৮ লক্ষ (খ) ৬.৩১৮ লক্ষ (০৩-০৮-২০২৬-য়ে বা তার আগে) (গ) ০.৫০ লক্ষ	০৪-০৮-২০২৬ সকাল ১১.০০টা থেকে বিকাল ৪.০০টা	ব্যাঙ্কের জ্ঞাত নয়
২	**করিমগঞ্জ (০০৩৬২০)** **মেসার্স জয়রাম ইলেকট্রিক্যালস** **রাজদীপ বণিক,** স্বত্বাধিকারী-জয়রাম ইলেকট্রিক্যালস, পিতা রতন বণিক, হাইস নং-৯৮, ওয়ার্ড নং-২১, মদন মোহন রোড, করিমগঞ্জ, আসাম-৭৮৮৭১৩, মোবাইল-৯৪০১২১০৪৯১। **শ্রীমতী নিতা বণিক (বন্ধকদাতা),** স্বামী রাজদীপ বণিক, ওয়ার্ড নং-২৬, ইন্দ্র রোড, পোঃঅঃ-করিমগঞ্জ-৭৮৮৭১৩, আসাম।	**সংশ্লিষ্ট জমিতে থাকা সব ধরনের সম্পত্তি সহ আইপি জমি এবং বিল্ডিং** যার মৌজা-করিমগঞ্জ টাউন, বনমালী ২য় খণ্ড, ব্লক নং-৩, পরগনা-কুশিয়ারকূল, জেলা করিমগঞ্জ, আসাম এর অন্তর্গত যার পরিমাপ ০.০৭ একর = ৪.২৩ কাঠা, যার পুরাতন দাগ নং-২১৬, খতিয়ান নং-৭, পাট্টা নং-১৬৪, নতুন দাগ নং-২৮০, এই অবস্থানে নিভা বণিক, স্বামী রতন বণিক এর নামে রয়েছে। যা সাব-রেজিস্ট্রার অফিস করিমগঞ্জ এর পঞ্জীয়নকৃত দলিল নং-৫৬৬, তারিখ-০৯-০২-২০০৭ এই অবস্থানে রয়েছে। **চতুঃসীমা-উত্তর :** সুরেশ দাস এর বসতবাড়ি, **দক্ষিণ :** রামু দাস এর বসতবাড়ি, **পূর্ব :** খালি জমি, **দক্ষিণ :** ৬ প্রশস্ত রাস্তা।	(ক) ১৭-০৭-২০২৪ (খ) ৭০,০৫,৭২১.১৩ টাকা + তার সঙ্গে প্রযোজ্য সুদ ০১-০৭-২০২৪ ইং হইতে ও অন্যান্য ব্যয় সংবলিত (গ) ২৪-০৯-২০২৪ (ঘ) প্রতীকী দখল	(ক) ৪৫.৪৫ লক্ষ (খ) ৪.৫৪ লক্ষ (০৩-০৮-২০২৬-য়ে বা তার আগে) (গ) ০.৫০ লক্ষ		
৩	**শিলচর (০০৩৭২০)** **পঙ্কজ কুমার পাল** **পঙ্কজ কুমার পাল,** পিতা মৃত প্রভাত চন্দ্র পাল, সারদা লেন, অম্বিকাপট্টি, শিলচর, আসাম-৭৮৮০০৪।	**সংশ্লিষ্ট জমিতে থাকা সবধরনের সম্পত্তি সহ একটি প্লট** যার পরিমাপ ৩ (তিন) ছটাক জমির উপর আসাম টাইপ বিল্ডিং। যার দলিল নং-৩৮৯৬, তারিখ-১৩-০৮-২০০৮ এই অবস্থানে পঙ্কজ কুমার পাল এর নামে রয়েছে। যা ২য় আরএস পাট্টা নং-১০৯৬, দাগ নং-৭৮৪৫ এর অন্তর্গত যার মৌজা শিলচর টাউন, পরগনা বরাকপাত, জেলা কাছাড় এই অবস্থানে রয়েছে। **যার চতুঃসীমা-(দলিল মতে)** **উত্তর :** তাপস পাল এর জমি। **দক্ষিণ :** গোপাল চন্দ্র পাল এর জমি। **পূর্ব :** ফাটক বাজারের রাস্তা। **পশ্চিম :** কুসুমবালা পাল এর জমি।	(ক) ০৫-১০-২০১৩ (খ) ৩০,৬৬,৯৩০.৪১ টাকা + তার সঙ্গে প্রযোজ্য সুদ ৩০-০৮-২০১৩ ইং হইতে ও অন্যান্য ব্যয় (গ) ২০-০৩-২০১৪ (ঘ) প্রতীকী-দখল	(ক) ১১.৪৭ লক্ষ (খ) ১.১৪৭ (০৩-০৮-২০২৬-য়ে বা তার আগে) (গ) ০.৫০ লক্ষ		
৪	**করিমগঞ্জ (০০৩৬২০)** **রফিকুল ইসলাম চৌধুরী** **রফিকুল ইসলাম চৌধুরী (ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা),** পিতা মৃত আব্দুল মতিন চৌধুরী, গ্রাম ও পোঃঅঃ-সুতারকান্দি, জেলা করিমগঞ্জ, আসাম-৭৮৮৭১২। **নুরুল ইসলাম চৌধুরী (জামিনদার এবং বন্ধকদাতা),** পিতা মৃত আব্দুল মতিন চৌধুরী, গ্রাম ও পোঃঅঃ-সুতারকান্দি, জেলা-করিমগঞ্জ, আসাম-৭৮৮৭১২। **সিরাজুল ইসলাম চৌধুরী (জামিনদার এবং বন্ধকদাতা),** পিতা মৃত আব্দুল মতিন চৌধুরী, গ্রাম ও পোঃঅঃ-সুতারকান্দি, জেলা-করিমগঞ্জ, আসাম-৭৮৮৭১২। **আলেয়া বেগম চৌধুরী (জামিনদার এবং বন্ধকদাতা),** পিতা মৃত আব্দুল মতিন চৌধুরী, গ্রাম ও পোঃঅঃ-সুতারকান্দি, জেলা-করিমগঞ্জ, আসাম-৭৮৮৭১২। **হিফজুর রহমান চৌধুরী** পিতা মোঃ ফায়াজ আলি চৌধুরী, গ্রাম-হামিদাপুর, পোঃঅঃ-সুতারকান্দি, করিমগঞ্জ, আসাম-৭৮৮৭১২ **(জামিনদার)।**	**সংশ্লিষ্ট জমিতে থাকা সবধরনের সম্পত্তি সহ একটি প্লট** যার পরিমাপ ০৯ কাঠা, ১১ ছটাক, যার সিএস দাগ নং-৮৭১ (পুরাতন), যার খতিয়ান নং-৩৯৮, যার ১ম আরএস অনুরূপ দাগ নং-১০১ (নতুন), যার পিরিয়ডিক পাট্টা নং-২৩০, মৌজা-সুতারকান্দি, পরগনা কুশিয়ারকূল, এই অবস্থানে রফিকুল ইসলাম চৌধুরী, নূরুল ইসলাম চৌধুরী, সিরাজুল চৌধুরী এবং আলেয়া বেগম চৌধুরী এর নামে রয়েছে। যারা সবাই আব্দুল মতিন চৌধুরীর আইনি উত্তরাধিকারীগণ। **যার চতুঃসীমা-** **উত্তর :** হাজি নজরুল ইসলাম চৌধুরীর জমি। **দক্ষিণ :** মহবুবুর রহমান চৌধুরীর জমি। **পূর্ব :** স্বত্বাধিকারীর অন্য জমি। **পশ্চিম :** হাজি নজরুল ইসলাম চৌধুরীর জমি।	(ক) ২৮-০৬-২০২১ (খ) ৪৩,৬৫,২০৯.১২ টাকা ৩১-০৩-২০২১ তারিখ পর্যন্ত + তার সঙ্গে প্রযোজ্য সুদ ০১-০৪-২০২১ ইং হইতে ও অন্যান্য ব্যয় (গ) ০২-০৬-২০২২ (ঘ) প্রতীকী-দখল	(ক) ১৩.৬০ লক্ষ (খ) ১.৩৬ (০৩-০৮-২০২৬-য়ে বা তার আগে) (গ) ০.৫০ লক্ষ		

শর্তাবলী: উক্ত নিলাম বিক্রয়টি সুরক্ষা সুদের (প্রয়োগকরণ) বিধি ২০০২-য়ে নির্ধারিত শর্তাদি এ শর্তাবলী এবং নিম্নলিখিত আরও শর্ত সাপেক্ষ থাকবে :

১। সম্পত্তিগুলি **‘যে অবস্থায় আছে সেই অবস্থায়’** এবং **‘যেভাবে আছে সেভাবে’** এবং **‘যে ভিত্তিতে রয়েছে’** হিসেবে বিক্রয় হবে।

২। উল্লিখিত তফশিল বর্ণিত সুরক্ষিত সম্পত্তির বিবরণী অনুমোদিত আধিকারিকের সর্বোত্তম তথ্য সম্পর্কে জানানো হয়েছে, তবে অনুমোদিত ঘোষিত এই ঘোষণায় কোনও ত্রুটি, বিভ্রান্তি বা ব্যদ পড়লে অনুমোদিত অফিসারকে জবাবদিহি করতে পারবেন না।

৩। নিলাম বিক্রয় **https://baanknet.com** ওয়েবসাইটে উল্লিখিত ই-নিলাম প্ল্যাটফর্মে নিম্ন স্বাক্ষরকারী দ্বারা সম্পন্ন করা হবে।

৪। নিলামের বিস্তারিত বিবরণ এবং শর্তাবলী **https://baanknet.com**-এ দেখুন।

৫। ব্যাঙ্কের অজানা কোনও সম্পত্তির (ই-নিলাম) ক্ষেত্রে, সরকারের বা অন্য কারো কাছে থাকা কোনও চার্জ, লিয়েন, দায় বা অন্য কোনও বকেয়ার জন্য অনুমোদিত কর্মকর্তা বা ব্যাঙ্ক দায়ী থাকবে না। আগ্রহী দরদাতাকে পরামর্শ দেওয়া হচ্ছে যে, তিনি যেন সম্পত্তির উপর থাকা দায়, যেমন বিধিবদ্ধ দায়, সম্পত্তি করের বকেয়া, বিদ্যুৎ বিল ইত্যাদি বিষয়ে নিজস্ব স্বাধীন অনুসন্ধান করে নেন।

৬। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কোনও প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোনও সময়ে যে কোনও দরপত্র গ্রহণ করার, গ্রহণযোগ্য না হলে সমস্ত দরপত্র প্রত্যাখ্যান করার, অথবা নিলাম স্থগিত/বাতিল/স্থগিত/বন্ধ করার বা এর শর্তাবলী পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন এবং এই বিষয়ে তার সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। দরপত্র দাখিল করার পূর্বে সম্পত্তি ও তার বিবরণ পরিদর্শন করে সন্তুষ্ট হওয়া দরদাতাদের দায়িত্ব হবে। দরদাতা প্রদত্ত বিবরণ অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে পরামর্শ করে সম্পত্তি পরিদর্শন করবেন।

তারিখ ঃ ১৬-০৭-২০২৬
স্থান ঃ শিলচর

স্বীকৃতিপ্রাপ্ত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সিকিউরড ক্রেডিটর

সার্সেফি আইন, ২০০২ এর বিধি ৮ (৬) এবং বিধি ৯ (১) এর অধীনে পরিসংখ্যান বিক্রয় বিজ্ঞপ্তি

NOTICE INVITING TENDER

No. ASRLMS/RAJABAZAR-CLF/IFC/2026-27/001

Sealed tenders are invited from the Individual/Farm/Dealer/Company/Distributor for supply of various agriculture equipment/machineries for the Integrated Farming Cluster (IFC) under BMMU, Rajajabazr, Cachar District.

Sl. No.	Name of Machine/Equipments	Specification	Quantity (Nos.)
1	RICE MILL	3 HP, 2800 RPM	1
2	ANIMAL FEED MACHINE	3 HP	2
3	ARECA NUT DEHUSKING MACHINE	2 HP	1
4	POWER TILLER	20 HP	1
5	ELECTRONIC ANIMAL WEIGHT SCALE	UPTO 300 KG	1
6	PADDY WEIGHT MACHINE	UPTO 200 KG	1
7	PORTABLE DIESEL WATER PUMP	5.5 HP	1
8	EGG INCUBATOR	200 W HEATER POWER	1
9	PULVERIZER GRINDING MACHINE	3 HP	1
10	TRACTOR	40 HP	1
11	PADDY THRESHER MACHINE	5 HP	1
12	CULTIVATOR	30 HP	1
13	TIPPING TRAILER	1.5 TON	1

Eligibility and Preference Criteria for Selection of Vendor/Supplier

1. Preference shall be given to locally registered Individual/Farm/Dealer/Company/Distributor having prior experience in supplying equipment, machinery or other materials to Government Departments, Panchayati Raj Institutions or IFC Projects.
2. The vendor/supplier must possess a valid and updated GST Registration Certificate and GSTIN.
3. Selection shall ordinarily be made in favour of the Lowest Evaluated Bidder (L1), subject to fulfilment of technical specifications, quality standards and eligibility criteria.
4. The vendor/supplier shall submit at least 2–3 experience/work completion certificates.
5. The supplied equipment/machinery must conform to prescribed quality standards and specifications and the supplier shall provide warranty and after-sales service support wherever applicable.
6. Payment will be made after successful delivery, installation and demonstration of all equipment.

Address for Submission of Bids:Smriti CLF, Laboc Bazar, Laboc Gram Panchayat.
PO: Laboc , Pin 788102, District- Cachar (Assam)
President & Secretary,
Smriti CLFCLF,Laboc GP
BMMU Rajabazar, Cachar, Assam.

Last Date of Submission: 04/08/2026

Sd/-
President (Smriti CLF)
ASRLM, BMMU Rajabazar
Rajabazar Development Block

Sd/-
Secretary (Smriti CLF)
ASRLM, BMMU Rajabazar
Rajabazar Development Block

NOTICE INVITING TENDER

No. ASRLMS/RAJABAZAR-CLF/IFC/2026-27/002

Sealed tenders are invited from the Individual/Farm/Dealer/Company/Distributor for supply of various agriculture equipment/machineries for the Integrated Farming Cluster (IFC) under BMMU, Rajajabazr, Cachar District.

Sl. No.	Name of Machine/Equipments	Specification	Quantity (Nos.)
1	RICE MILL	3 HP, 2800 RPM	1
2	ANIMAL FEED MACHINE	3 HP	2
3	ARECA NUT DEHUSKING MACHINE	2 HP	1
4	POWER TILLER	20 HP	1
5	ELECTRONIC ANIMAL WEIGHT SCALE	UPTO 300 KG	1
6	PADDY WEIGHT MACHINE	UPTO 200 KG	1
7	PORTABLE DIESEL WATER PUMP	5.5 HP	1
8	EGG INCUBATOR	200 W HEATER POWER	1
9	PULVERIZER GRINDING MACHINE	3 HP	1
10	TRACTOR	40 HP	1
11	PADDY THRESHER MACHINE	5 HP	1
12	CULTIVATOR	30 HP	1
13	TIPPING TRAILER	1.5 TON	1

Eligibility and Preference Criteria for Selection of Vendor/Supplier

1. Preference shall be given to locally registered Individual/Farm/Dealer/Company/Distributor having prior experience in supplying equipment, machinery or other materials to Government Departments, Panchayati Raj Institutions or IFC Projects.
2. The vendor/supplier must possess a valid and updated GST Registration Certificate and GSTIN.
3. Selection shall ordinarily be made in favour of the Lowest Evaluated Bidder (L1), subject to fulfillment of technical specifications, quality standards and eligibility criteria.
4. The vendor/supplier shall submit at least 2–3 experience/work completion certificates.
5. The supplied equipment/machinery must conform to prescribed quality standards and specifications and the supplier shall provide warranty and after-sales service support wherever applicable.
6. Payment will be made after successful delivery, installation and demonstration of all equipment.

Address for Submission of Bids: Matribhumi CLF, Harinagar Village, Harinagar Gram Panchayat, PO: Harinagar, Pin 788107, Block- Rajabazar, District- Cachar (Assam)
President & Secretary,
Matribhumi CLF, Harinagar GP
BMMU Rajabazar